DEC. 04 2001

দৈনিক জনকণ্ঠ

তারিখ ...............
পৃষ্ঠা ১২ কলাম ৫

# ৪০ কর্মকর্তা ও সরকারী কলেজের ৬৩ শিক্ষক বদলি

**স্টাফ রিপোর্টার** ॥ প্রশাসনে বড় ধরনের রদবদল করা হয়েছে। এদের মধ্যে ২৬ উপ-সচিব, ছয় অতিরিক্ত জেলা প্রশাসক, আট সিনিয়র সহকারী সচিবসহ মোট ৪০ কর্মকর্তা এবং সরকারী কলেজের বিভিন্ন পর্যায়ের ৬৩ জন শিক্ষককে বদলি করা হয়েছে। সোমবার সংস্থাপন মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

২৬ উপ-সচিবের ভিতর গত সপ্তাহে বদলিকৃত ১৩ জেলা প্রশাসককে বিভিন্ন মন্ত্রণালয়ের উপ-সচিব পদে নিয়োগ দেয়া হয়েছে। অবশিষ্ট বারো ডিসিকে কোথাও পদায়ন করা হয়নি।

সুনামগঞ্জের ডিসি হাবিবুল্লাহ মজুমদারকে সংস্কৃতি

(১১- পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)

## ৪০ কর্মকর্তা (১২-এর পাতার পর)

মন্ত্রণালয়ে, বরিশালের ডিসি মাহমুদুল করীমকে সংস্থাপন মন্ত্রণালয়ে, গাজীপুরের ডিসি আতহারুল ইসলামকে ত্রাণ মন্ত্রণালয়ে, বরগুনার ডিসি আবুল কাশেমকে কৃষি মন্ত্রণালয়ে, ঠাকুরগাঁওর ডিসি এটিএম জুলফিকার হায়দার চৌধুরীকে বিদ্যুত বিভাগে, মেহেরপুরের ডিসি মমতাজ আহমেদকে নৌপরিবহন মন্ত্রণালয়ে, মোস্তফা কামাল হায়দারকে প্রাইভেটাইজেশন কমিশনের পরিচালক পদে, নারায়ণগঞ্জের ডিসি ইকবাল আহমেদ চৌধুরীকে ত্রাণে, ব্রাহ্মণবাড়ীয়ার ডিসি বদরুল আলম তালুকদারকে খুলনার স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক, নাটোরের ডিসি শেখ আলতাফ আলীকে বিপিএটিসির পরিচালক এবং খুলনার ডিসি আব্দুর রাজ্জাককে বিপিএটিসির পরিচালক পদে, বাগেরহাটের ডিসি রবিউল ইসলামকে এনবিআর-এর প্রথম সচিব, কুমিল্লার ডিসি সরফরাজ হোসেনকে রাজউকের পরিচালক পদে নিয়োগ দেয়া হয়েছে।

সংস্থাপন মন্ত্রণালয়ের উপসচিব আশফাক হামিদকে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ-এর উপ-সচিব, রফিকুল ইসলামকে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগে বদলি করা হয়েছে।